

বিয়ে করলে উপবৃত্তি বন্ধ : শিক্ষামন্ত্রী

সংসদ রিপোর্টার

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, এইচএসসি কিংবা সমমানের কোনো শিক্ষার্থীকে সরকারি উপবৃত্তি পেতে চাইলে তাকে অবশ্যই 'অবিবাহিত' হতে হবে। তিনি আরও বলেন, হায়দার সেবেত্‌তারি ফিফেল স্টাইপেন্ড প্রকল্পের মাধ্যমে ৪০ শতাংশ ছাত্রী ও ১০ শতাংশ ছাত্রদের উপবৃত্তি প্রদান করা হয়। ওই প্রকল্পের উপবৃত্তি পাওয়ার যে দুটি শর্ত দেয়া হয়েছে তার

একটি হল এইচএসসি কিংবা সমমান পরীক্ষা পর্যন্ত 'অবিবাহিত' থাকতে হবে। অপর শর্তটি হল শর্তকরা ৭৫ দিন কলেজে উপস্থিতি থাকতে হবে। সোমবার জাতীয় সংসদে একেএম 'মাসুদুল ইসলামের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী আরও বলেন, ওই প্রকল্পের আওতায় ২০১৩-১৪ অর্থবছরে ৪০ লাখ ২০ হাজার শিক্ষার্থীকে ১০৪ কোটি ৯০ লাখ টাকা উপবৃত্তি প্রদান করা হয়েছে।